মুজিবনগরে সড়কের কাজ জোরদার করণে রাস্তা অবরোধ

মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রাম থেকে আনন্দবাসের রাস্তার কাজ জোরদার করণ করতে অবরোধ করেছে আনন্দবাস গ্রামবাসী।

গতকাল বৃহস্পতিবার সকাল এগারোটার দিকে আনন্দবাস কবরস্থানের কাছে রাস্তার দুই পাশে বাশ ফেলে রেখে অবরোধ করেন।

এ সময় দু পাশ দিয়ে যাতায়াত করা সকল প্রকার যানবাহন আধা ঘন্টা ধরে আটকিয়ে রাখে।

এ সময় শামিম আহম্মেদ, আকাশ খান, আকাশ রহমান, আরিফ, সাদিক সহ প্রায় ১০০ জন গ্রামবাসী সেখানে উপস্থিত ছিলেন।

এ সময় তারা বলেন, আনন্দবাস গ্রামের সংযোগ সড়ক সংস্কার কাজে ধীর গতির (৮-৯মাস চলছে) কারণে গ্রামের সাধারণ মানুষের রাস্তা দিয়ে চলাফেরা খুব কষ্ট হয়, বৃষ্টির দিনে সড়ক দূর্ঘটনার মাধ্যমে অনেকেই ইতিমধ্যে আহত হয়েছে। কিন্তু প্রশাসন কোনো ব্যাবস্থা গ্রহণ করেনি। এর পরিপ্রেক্ষিতে গ্রামের আমরা রাস্তা অবরোধ করে রাস্তা দ্রুত ঠিক করার দাবি জানাচ্ছি।

রাস্তার কাজ জোরদার করণের বিষয়ে উপজেলা ইঞ্জিনিয়ার শাহীন আক্তার বলেন, একসাথে দুইটা রাস্তার কাজ হাতে নেওয়া হয়েছে। তাই দুইদিকে কাজ করতে একটু লেট হচ্ছে। তাছাড়া কাজের সময়কাল অনুযায়ী এখনো অনেক সময় আছে। তবে যত দ্রুত সম্ভব রাস্তার কার্পেটিং এর কাজ শুরু করা হবে।

উল্যেখ্য, বল্লভপুর মোড় থেকে আনন্দবাস বাজার পর্যন্ত ৩৭৩০ মিটার রাস্তার কাজের মেয়াদকাল আছে ৬/১১/২০২০ পর্যন্ত। কাজ শুরু হয়েছিলো ২০১৯ সালের ১৪ই মে।

গাংনীতে ইয়াবাসহ পাচারকারী গ্রেপ্তার, অস্ত্রাঘাতে কনস্টেবল জখম

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে মাদক পাচারকারী ইদ্রীস আলী(৫৫) কে গ্রেপ্তার করেছে। বুধবার মধ্যরাতে পুলিশের একটি টীম ইদ্রীস আলীকে স্থানীয় মোহাম্মদপুর গ্রাম থেকে গ্রেপ্তার করে। তার কাছ থেকে উদ্ধার করা হয় ৮২ পিস ইয়াবা। এদিকে ইদ্রীস আলীর ধারালো অস্ত্রাঘাতে কনস্টেবল সাইফুল ইসলাম জখম হয়েছে। পাচারকারী ইদ্রীস আলী গাংনী উপজেলার মোহাম্মদপুর গ্রামের আব্দুল গফুরের ছেলে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ইদ্রীস আলী ইয়াবা নিয়ে বিক্রির জন্য তার বাড়িতে অবস্থান করছিল। গোপন খবর পেয়ে পুলিশের একটি টীম সেখানে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। এসময় ইদ্রীসের ধারালো অস্ত্রের আঘাতে কনস্টেবল সাইফুল ইসলাম জখম হয়। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

মেহেরপুরে সাংবাদিক কাজলের সন্ধানসহ সাংবাদিকদের নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

নিখোঁজ সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের সন্ধানসহ সারাদেশে সাংবাদিকদের নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন করেছে মেহেরপুরে সাংবাদিক ও নাগরিক সমাজ।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এ

কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে মাহাবুবু চান্দুর সঞ্চালনায় সংবাদিক রফিকুল ইসলাম, ইয়াদুল মোমিন, মাহবুবুল হক পোলেন, মুজাহিদ মুন্না, হারুনুর রশিদ রবি, সাংস্কৃতিক কর্মী আবু তালেব, মানিক হোসেন, সাংবাদিক কাজলের বড়ভাই রফিকুল ইসলাম শামিম, ছোট বোন সাইদা খাতুন মিনি, ভাতিজা পল্লবী খাতুন, ভাবী মরিয়ম খাতুন বক্তব্য দেন।

কাজলের পরিবারের সদস্যরা তাদের স্বজনকে ফিরে পেতে সরকারের কাছে দাবি জানাতে গিয়ে কেঁদে ফেলেন। এ সময় সেখানকার আকাশ ভারী হয়ে উঠে।

সাংবাদিক রফিকুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, সাংবাদিকরা দেশের ভাল-মন্দ সব কিছুই তাদের লেখনির মাধ্যমে তুলে ধরেন। বিপক্ষে গেলেই আপনাদের গাত্রদাহ হয়। আপনারা সংক্ষুব্ধ হয়ে আইনের আশ্রয় নিতে পারেন। কিন্তু কোন সাংবাদিককে গুম করে, তাঁকে নির্যাতন করে এর প্রতিকার পেতে পারেন না। এগুলো থেকে বেরিয়ে আসতে হবে।

সাংবাদিক ইয়াদুল মোমিন বলেন, নিখোঁজ সাংবাদিকের স্বজন চোখের জল আপনাদের জন্য অভিশাপ হবে। সাংবাদিকরাও মানুষ, তারাও ভুল ত্রটির বাইরে নয়। ভুল হলে আইনি ব্যবস্থা আছে। তার প্রতিকার পেতে সাংবাদিকদের আক্রান্ত করে নয়।

সাংবাদিক মাহবুবুল হক পোলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, কুড়িগ্রামে আপনি তাৎক্ষনিক ব্যবস্থা নিয়েছেন। একই ক্ষেত্রে মেহেরপুর সহ সকল জেলায় এ ধরণের ব্যবস্থা নেবেন আশা করিা।

ঘন্টা ব্যাপী চলা মানববন্ধনে মেহেরপুরে কর্মরত বিভিণ্ন গণমাধ্যমের কর্মী, নিখোঁজ সাংবাদিক কাজলের পরিবারবর্গ ও স্থানীয় নাগরিক সমাজের মানুষ অংশগ্রহণ করেন।

মেপ্র/ইএম

গাংনীতে প্রবাসীদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে অভিযান

মেহেরপুরের গাংনীতে প্রবাস ফেরতদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে তাদের বাড়িতে গিয়ে সচেতনতামুলক অভিযান চালিয়েছে গাংনী উপজেলা প্রশাসন।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান করোনা ভাইরাস রোগী চিহ্নিত ও এর বিস্তার এলাকায় ছড়িয়ে পড়তে না পারে সে জন্য মেহেরপুরের গাংনী উপজেলার পৌরসভার মালসাদহ গ্রামে এবং বামুন্দির নিশিপুর স্কুলপাড়ায় জরুরী অভিযান চালান। তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলমসহ স্বাস্থ্য কমপ্লেক্সের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা এবং গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, এ ভাইরাস থেকে মুক্তি ও জনগনকে রক্ষা পাওয়ার জন্য হোম কোয়ারেন্টাইন পালনের সরকারী নির্দেশ রয়েছে। তারপরও অনেকে ১৪ দিনের এ হোম কোয়ারেন্টাইন পালন করছেন না। এমন অভিযোগের ভিত্তিতে গাংনী উপজেলা প্রশাসন মাঠে নেমেছেন এবং অভিযান পরিচালনা করছেন এবং এ অভিযান অব্যাহত থাকবে।

অভিযানে বিভিন্ন এলাকায় করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়। যে কোন সমস্যার কথা জানাতে হটলাইন নাম্বার দেয়া হয়েছে যাতে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে চিকিৎসকদের সাথে সরাসরি কথা বলতে পারে সকল শ্রেনীপেশার মানুষ।

মেপ্র/ইএম

মেহেরপুরে বিএনপির করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ

মেহেরপুরে করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ করেছে বিএনপি ও যুবদল নেতা কর্মীরা।

বৃহস্পতিবার সকাল ১১ টায় মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে জনসচেতনামূলক লিফলেট বিতরণ করা হয়। করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ বিশ্বব্যাপী করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে বাংলাদেশের সাধারণ মানুষের মাঝে যাতে ছড়িয়ে পড়তে না পারে সে লক্ষ্যে জনসচেনতা সৃষ্টির জন্য মেহেরপুর জেলা বিএনপি’র সংগ্রামী সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে জেলা জজ আদালত প্রাঙ্গন থেকে শুরু করে শহরের বিভিন্ন পয়েন্টে সর্ব সাধারণের মধ্যে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে কিভাবে মুক্ত থাকা যায় সেই নির্দেশনা সম্বলিত লিফলেট বিতরণ করেন।

এসময় পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,জেলা যুবদলেরর সভাপতি জাহিদুল হক জাহিদ,সাধারন সম্পাদক কাউছার অলী,মেহেরপুর জেলা স্বেছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল,মুজিবনগরের আহবায়ক আবুল হাসান,সদস্য সচিব আনারুল ইসলাম,সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী,সদস্য সচিব কামুরহজ্জামান বিপ্লব, গাংনী পৌর আহবায়ক সাহিদুল ইসলাম,সদস্য সচিব এনামুল হক, মেহেরপুর জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাঈদ বীন রফিক সিজার,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির,সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল সহ বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিববর্ষে রচনা প্রতিযোগিতায় ১ম হয়েছেন মেহেরপুরের সাইদ

বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক আয়োজিত “রচনা” প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করেছেন মেহেরপুরের সাঈদ।

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের মেক্যানিক্যাল বিভাগের ছাত্র মুনযের নাঈম সিদ্দিকী সাঈদ। সে মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের আবু বক্কর সিদ্দিক এর ছেলে।

১৭ ই মার্চ বিটাক প্রাঙ্গণে অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু শতজন্ম বার্ষিকীর অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধাণ অতিথি শিল্প মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এম পি ।

এসময় বিশেষ অতিথি হিসেবে মঞ্চে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃআব্দুল হালিম।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিটাক মহা পরিচালক (অতিরিক্ত সচিব) ড.মোঃমফিজুর রহমান।

মেপ্র/এমএফআর

গাংনীতে গ্রাম পুলিশের আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে কাজল আহমেদ (২৫) নামের এক গ্রাম পুলিশ আত্মহত্যা করেছে। বুধবার দুপুর ২ টায় উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামের নিজ বাড়িতে গলায় রশি বেঁধে আত্মহত্যা করে সে।

কাজল কাজল আহমেদ পলাশীপাড়া গ্রামের মৃত রুস্তম আলীর ছেলে সে ২ নং তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ হিসেবে কর্মরত ছিলো।

তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সদস্য মো: জয়নুদ্দিন ও স্থানীয়রা জানায় পারিবারিক বিরোধের কারণে কাজল হোসেন কিছুটা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। মানসিক যন্ত্রণা সহ্য করতে না করতে পেরে আত্মহত্যা করতে পারে বলে ধারণা করা হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবায়দুর রহমান জানান ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে দোয়া মহাফিল ও আলোচনা সভা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৩নং ওয়াডের শুভরাজপুর গ্রামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্যে দিয়ে বঙ্গবন্ধু‘র জন্মশতবার্ষিকী পালন।

মঙ্গলবার সন্ধায় দোয়া মাহফিল পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন.মিরনের নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শুভরাজপুর গ্রাম প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

মো: আনোয়ার হোসেনের সঞ্চালনায় সভাপতিত্ব করেন মো: শমসের বিশ্বাস,এ সময় অন্যদের মধ্যে সেখানে উপস্থিত বক্তব্য রাখেন জেলা পরিষদের সদস্য মোঃ ইমতিয়াজ হোসেন মিরন, ওয়াড সভাপতি শাহার আলী, সম্পাদক মোঃ আব্দুর রশিদ, ৩ নং ওয়াড ইউ পি সদস্য মোঃ আশরাফুল হক,মোঃ কোরবান আলী, মোঃ জাহিদ হোসেন, মোঃ গোলাম, মো: নাসির উদ্দিন, মোঃ আহসান হাবিব হেনা সহ অনেকে সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে ৩০ প্রবাসী, নতুন ৯

করোনা ভাইরাস মোকাবিলায় সংক্রমণ এড়াতে বিভিন্ন দেশ থেকে আসা নতুন ৯জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। এ নিয়ে ৩০ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান। এদের মধ্যে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় নতুন করে ৩ জন সহ ১৯ জন, মেহেরপুর জেনারেল হাসপাতালের আওতায় ৩জন ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় নতুন করে ৬ সহ ৮ জন।

তিনি জানান, সাম্প্রতিক সময়ে সিঙ্গাপুর থেকে আসা সাতজন, মালয়েশিয়া থেকে চারজন, সৌদি আরব, কাতার, পর্তুগাল, ইটালি ও বাহারাইন থেকে একজন করে প্রবাস ফেরত ব্যক্তিকে রাখা হয়েছে হোম কোয়ারেন্টাইনে। তবে এখনো পর্যন্ত করোনার কোন লক্ষণ তাদের শরীরে পাওয়া যায়নি।

মেপ্র/ইএম

মেহেরপুরে মুজিববর্ষে ১০০ পাখি অবমুক্ত

স্বাধীনতার স্বাদ পাওয়ার অধিকার সবার আছে। এরই আলোকে মেহেরপুর পৌরসভা ও মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে ১শ বাজরিগা পাখি অবমুক্ত করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্ম শত বার্ষিকী

উপলক্ষে এই বন্দী পাখি গুলোকে অবমুক্ত করা হয়।

মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে এ মহতী কাজটি করা হয়।

মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন উপস্থিত থাকে পাখি অবমুক্ত করেন।

এসময় জেলা প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, পৌর কাউন্সিলর আল মামুন, শাকিল রাব্বি ইভান নুরুল আশরাফ রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর